



INTERNATIONAL SERVICE
FOR THE ACQUISITION
OF AGRIBIOTECH
APPLICATIONS



Bengali Version

আগস্ট ০৩, ২০১৬ ইং

আমেরিকা

জিএম ফুড লেবেলিং আইনে প্রেসিডেন্ট ওবামা স্বাক্ষর করেছেন

ইউ এস প্রেসিডেন্ট বারাক ওবামা জিএম ফুড লেবেলিং বিলটিকে আইনে পরিনত কার জন্য তাতে স্বাক্ষর করেছেন। এই বিলের খসড়া তৈরী করেছেন সিনেটর পেট রোবার্টস এবং ডেবিই স্টাবিনাউ যার উদ্দেশ্য হলো বাধ্যতামূলক লেবেল আইন জারি থেকে রাজ্যকে মুক্ত করা এবং খাদ্য নির্মাতাদের জন্য জিএম খাদ্যদ্রব্যের ক্ষেত্রে তিনটি ভিন্ন লেবেল থেকে যে কোন একটি লেবেল ব্যবহার করার ব্যবস্থা করা যেমন: (১) USDA এর সিম্বল সমৃদ্ধ লেবেল যা জিএমও এর উপস্থিতি নির্দেশ করে, (২) সহজ ভাষা সমৃদ্ধ লেবেল, (৩) একটি স্কেনিং কোড সংযুক্ত করা যাতে বিদ্যমান উপাদান উল্লেখ থাকে।

USDA একটি কার্যকরী দল গঠন করেছে যারা এই আইন বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় নির্দেশনাসমূহ তৈরী করবে। নতুন আইনে ভার্মন্ট এর জিএমও লেবেলিং আইনকে বাতিল করে ১ জুলাই ২০১৬ থেকে কার্যকর হয়েছে।

Agriculture হইতে বিস্তারিত পড়ুন



ভিজিট করুন <http://www.isaaa.org/kc/cropbiotechupdate/article/default.asp?ID=14630>

এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয়

“সুপারস্টার” ধানের জাত সারের অপচয় ও দূষণ কমিয়েছে

কানাডা এবং চীনের একটি গবেষণা দল ‘সুপারস্টার’ ধানের জাত সনাক্ত করেছেন যেটি সারের অপচয়, কাটিং খরচ এবং দূষণ কমায়। এই সনাক্তকৃত ধানের জাত ইন্ডিকা (বিশ্বের সর্বাধিক জনপ্রিয় ধানের জাত যেটি ইন্ডিয়া, চায়না এবং দক্ষিণ এশিয়ায় জন্মে) এবং জাপোনিকা (সুশি তৈরীতে ব্যবহার করা হয়) জেনোটাইপ উভয় স্পিসিসের অন্তর্গত।

টরেন্টো স্কারবোরো বিশ্ববিদ্যালয়ের প্রফেসর হার্বার্ট ক্রনজাকার তার গবেষণায় ১৯টি ধানের জাত পর্যবেক্ষণ করেছেন যেখানে তিনি দেখতে চেয়েছেন কোন জাতগুলো নাইট্রোজেন ব্যবহারে অধিক কার্যকরী। গবেষণা অনুযায়ী, Zhongjiu25 (ZJ25) এবং Wuyunjing7 (WYJ7) যথাক্রমে ইন্ডিকা এবং জাপোনিকা জাতের মধ্যে সর্বাধিক কার্যকরী জেনোটাইপ।

দলটি সনাক্ত করেছেন যে, ধানের মূল কর্তৃক একটি উচ্চমানের রাসায়নিক পদার্থ নিঃসরিত হয় যা সরাসরি মাটির অনুজীব মেটাবলিজমে প্রভাব বিসাতার করে। তারা দেখেছেন যে, একটি প্রধান অনুজীবীয় বিক্রিয়া যা নাইট্রোজেন গ্রহণের মাত্রাকে কমিয়ে দেয় তা কোন কোন ধান গাছে তাদের মূল কর্তৃক নিঃসরিত রাসায়নিক পদার্থের প্রভাবে গুরুত্বপূর্ণভাবে কমে যায়।

অধিক পরিমাণে জানার জন্য [University of Toronto Scarborough](http://www.isaaa.org/kc/cropbiotechupdate/article/default.asp?ID=14634) এবং [Chinese Academy of Sciences](http://www.isaaa.org/kc/cropbiotechupdate/article/default.asp?ID=14634) ওয়েবসাইড ভিজিট করুন।

ভিজিট করুন <http://www.isaaa.org/kc/cropbiotechupdate/article/default.asp?ID=14634>

আগস্ট ১০, ২০১৬ ইং

খবর

বিশ্ব

FAO, WFP গ্লোবাল খাদ্য নিরাপত্তা আইনকে অভ্যর্থনা জানিয়েছে

ইউ এন ফুড এন্ড এগ্রিকালচার অর্গানাইজেশন (FAO) এবং ইউএন ওয়ার্ল্ড ফুড প্রোগ্রাম (WFP) এর নেতৃত্বদ গ্লোবাল ফুড সিকুরিটি এক্ট (GFSA) এ স্বাক্ষর করার জন্য ইউএস প্রেসিডেন্ট বারাক ওবামাকে অভিনন্দিত করেছে। এই GFSA কিছু উদ্যোগকে সমর্থন করেছে যেগুলো কৃষি উন্নয়ন, ক্ষুদ্র আকারের খাদ্য উৎপাদককে সহায়তা, এবং পুষ্টি উন্নয়নের সহিত জড়িত।

FAO এর মহাপরিচালক জোসে গ্রাজিয়ানো দা সিলভা বলেন, “যুক্তরাষ্ট্র খাদ্য নিরাপত্তা ও অর্থনৈতিক উন্নয়ন কিভাবে জড়িত তার উপর জোড়ালোভাবে আলোকপাত করেছে, যখন ক্ষুধা ও দারিদ্রতার বিরুদ্ধে লড়াই করার জন্য ক্ষুদ্র আকারের কৃষকের কেন্দ্রীয় ছমিকার প্রতি জোড় দেওয়া হয়েছে”।

WFP এর নির্বাহী পরিচালক আরথারিন কাজিন বলেন, “এই আইন বিশ্বের মানুষের জীবনযাত্রার উপর একটি নাটকীয় প্রভাব বিস্তার করেছে, যা প্রমাণ করেছে কেন যুক্তরাষ্ট্র খাদ্য নিরাপত্তা নিশ্চিত করন এবং সেই সমস্ত ব্যক্তি যারা নিজেদের পরিবারের খাদ্য সরবরাহে নিরলস চেষ্টা করেছে যাতে তারা তাদের ভবিষ্যৎ তৈরী করতে পারে তাদের সহায়তাকরণে নেতৃত্বানীয় অবস্থানে রয়েছে”।

এই বিলটি দ্বিদলীয় সমর্থন সহকারে গৃহিত হয় এবং আইন আকারে লিখা হয় দ্যা ফিড দ্যা ফিইচার প্রোগ্রাম, যেটি যুক্তরাষ্ট্র সরকারের গ্লোবাল হাংগার ইনিসিয়েটিভ হিসেবে পরিচিত যা সেইসকল দেশসমূহ যারা তাদের জনগনকে পর্যাপ্ত খাদ্য সরবরাহে নিরলসভাবে চেষ্টা চালাচ্ছে।

অধিক জানার জন্য [FAO website](http://www.isaaa.org/kc/cropbiotechupdate/article/default.asp?ID=14663) এ প্রকাশিত খবর পড়ুন।

ভিজিট করুন <http://www.isaaa.org/kc/cropbiotechupdate/article/default.asp?ID=14663>

আমেরিকা

আন্ডারগ্রাজুয়েটবৃন্দ উদ্ভিদের উচ্চতা বাঁধানকারী ম্যাকানিজম আবিষ্কার করেছেন

পার্ডো বিশ্ববিদ্যালয়ের স্নাতক শ্রেণী একটি প্রধান ম্যাকানিজম আবিষ্কার করেছে যা উদ্ভিদকে খাট করে। স্নাতকোত্তর শ্রেণীর একজন ছাত্র নরমেন বেষ্ঠ স্নাতক শ্রেণীর ৮ জন ছাত্রকে নিয়ে এক ধরনের মিউটেশন সনাক্ত করেন যা বামন সূর্যমুখীর জাত সানস্পট এর খাট হওয়ার জন্য দায়ী।

এই গবেষণা দলটি প্রোটিনের একটি দলকে সনাক্ত করেন যেগুলো 'DELLA' নামক একটি এমাইনো এসিড সিকুয়েন্স সমৃদ্ধ যা সানস্পট এর কাঙ্কের বৃদ্ধিকে দমিত করে রাখে। উদ্ভিদ বৃদ্ধির জন্য দায়ী জিব্রালিক এসিড নামক হরমোন ডিএনএ থেকে DELLA প্রোটিন আলাদা করে যা উদ্ভিদের কাঙ্কের বৃদ্ধিতে কাজ করে। সানস্পট তার যে কোন একটি প্রোটিনে একটি মিউটেটেট DELLA সিকুয়েন্স বহন করে। জিব্রালিক এসিড এই মিউটেটেট প্রোটিনকে সরাসরি অক্ষম যা বৃদ্ধি বন্ধ করে দেয়।

অধিক জানার জন্য [Purdue University website](http://www.purdue.edu/~plant/undergraduate/undergraduate.html) এ প্রকাশিত খবর পড়ুন।

ভিজিট করুন <http://www.isaaa.org/kc/cropbiotechupdate/article/default.asp?ID=14666>

আগস্ট ১৭, ২০১৬ ইং

আফ্রিকা

মিসরীয় ছাত্ররা জ্ঞান আদান প্রদানের জন্য বায়োটেক সেমিনারের আয়োজন করে

মিসরের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা বায়োটেকনোলজী সম্পর্কে জ্ঞান আদান প্রদানের জন্য বিগত বছরে একটি বায়োটিম গঠন করে যারা নিয়মিত আলোচনা যাকে “মিসরীয় বায়োটেকনোলজী ইরা সেমিনার (EBES)” বলা হয় তার মাধ্যমে এই কাজটি করে আসছে। বিগত জুলাই মাসের ৩০ তারিখ ২০১৬ এ তারা কায়রো বিশ্ববিদ্যালয়ের মেডিসিন অনুশদে এমন একটি সেমিনারের আয়োজন করেছিল যেখানে ২০০ এর বেশী ছাত্ররা অংশগ্রহণ করেছিল। এই ইভেন্টে ৩টি উপস্থাপনা প্রদান করা হয়েছিল - মিসর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (MUST) ড. তাহসিন সোয়ালা *ইনোভেটিভ আডিয়াস নট ইয়েট ইনভেনটেট* এর বিষয়ে, জেওয়াইল সিটি অভ সায়েন্স এন্ড টেকনোলজী এর বায়োমেডিকেল সায়েন্স প্রোগ্রাম ডিরেক্টর ও প্রতিষ্ঠাতা চেয়ারম্যান প্রফেসর নাগওয়া এল বাদরি *বায়োটেকনোলজী এপ্লিকেশনস ইন সেটম সেলস* এর উপর এবং মিসর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (MUST) বায়োটেকনোলজী অনুশদের সহকারী প্রফেসর এবং AGERI এর গবেষক ড. সামেহ এল সাইদ *ইব্রাহিম ইনট্রোডাকশন টু বায়োইনফরমেটিকসঃ আন্ডারস্ট্যান্ডিং সিক্রেটস অভ লাইফ* এর উপর উপস্থাপনা করেন।

কায়রো বিশ্ববিদ্যালয়ের জাতীয় ক্যানসার ইনস্টিটিউট বিভাগের ভাইরোলজী এন্ড ইমিউনোলজী ইউনিট ক্যানসার বায়োলজী এর প্রধান প্রফেসর আবদেল রহমান জেকারী, কায়রো বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুশদের বিএসসি বায়োটেকনোলজী প্রোগ্রাম এর কোঅর্ডিনেটর এবং মিসরের বায়োটেকনোলজী ইনফরমেশন সেন্টারের (EBIC) পরিচালক প্রফেসর নাগলা আবদুল্লা এর নেতৃত্বে যে আলোচনা হয় তাতে বায়োটেকনোলজী সম্পর্কিত অন্যান্য বিষয়গুলো প্রাধান্য পায়।



বিস্তারিত আরো জানতে [BioTeam FB page](#) ভিজিট করুন অথবা প্রফেসর নাগলা আবদুল্লাহ এর ইমেল (naglaa.abdallah@agr.cu.edu.eg.) এ যোগাযোগ করুন।

ভিজিট করুন <http://www.isaaa.org/kc/cropbiotechupdate/article/default.asp?ID=14682>

এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয়

পাকিস্তানে জৈব নিরাপত্তা নিয়ন্ত্রকদের নিয়ে কর্মক্ষমতা বিল্ডিং সেশন সংগঠিত হয়েছে

পাকিস্তান বায়োটেকনোলজী ইনফরমেশন সেন্টার (PABIC) কর্তৃক আয়োজিত একটি অনুষ্ঠানে জাতীয় খাদ্য নিরাপত্তা এবং গবেষণা বিষয়ক ফেডারেল মিনিস্ট্রার জনাব সিকান্দার হায়াৎ খান বোসান বলেন যে, বিভিন্ন অসুবিধা সত্ত্বেও পাকিস্তান বায়োটেকনোলজী বিষয়ে কিছু সাহসী সিদ্ধান্ত নিয়েছে।

জৈব নিরাপত্তা নিয়ন্ত্রকদের নিয়ে কর্মক্ষমতা বিল্ডিং সেশন নামক দুই দিনের এই আয়োজনটি সংগঠিত করেছে পাকিস্তানের কৃষি বিভাগ, ইসলামাবাদের যুক্তরাষ্ট্রের ফরেইন এগ্রিকালচারাল সার্ভিস, এবং পাকিস্তান এগ্রিকালচারাল রিসার্চ কাউন্সিল (PARC) যা আগস্ট মাসের ১১-১২, ২০১৬ তারিখে ইসলামাবাদেও সেরেনা হোটেলে অনুষ্ঠিত হয়েছে। অন্যান্য দেশ যেমন ফিলিপাইন, মালেশিয়া, এবং অস্ট্রিয়া থেকে আগত বায়োটেকনোলজী বিশেষজ্ঞ এবং নিয়ন্ত্রকগণ এই সেশনে অংশগ্রহণ করে।

মন্ত্রীমহোদয় ২০১৫ সালে (ISAAA ব্রিফ ৫১) বায়োটেক ফসলের বিশ্ববাণিজ্যিকরণ এবং বায়োটেক ফসল হাইলাইটস্ এর ২০তম (১৯৯৬-২০১৫) বার্ষিকী উদ্বোধন করেন। মন্ত্রীমহোদয় উল্লেখ করেন যে, বিশ বছরের বাণিজ্যিকরণের নির্দেশ করে যে, ফসল বায়োটেকনোলজীর অনেক সম্ভাবনা ছিল কারণ এই প্রযুক্তির অর্থনৈতিক, পরিবেশগত, সামাজিক এবং স্বাস্থ্যগত সুবিধা ছিল। তিনি বলেন যে, বর্তমানে দেশটি যে সমস্ত চ্যালেঞ্জ মোকাবিলা করছে যেমন, শক্তির ঘাটতি, খাদ্য নিরাপত্তা, বৃদ্ধিশীল শহরায়ন, এবং জলবায়ুগত পরিবর্তন সেগুলো কেবলমাত্র আধুনিক কৃষি জৈব প্রযুক্তিসমূহ গ্রহণ করার মাধ্যমেই সমাধান করা সম্ভব।



Federal Minister for National Food Security and Research Mr. Sikandar Hayat Khan Bosan being presented a booklet by HEC distinguished Professor on Biotechnology Dr. Kausar Abdullah Malik

পাকিস্তানের বায়োটেক আপডেট পেতে PABIC ওয়েবসাইট ভিজিট করুন।

ভিজিট করুন <http://www.isaaa.org/kc/cropbiotechupdate/article/default.asp?ID=14685>

আগস্ট ২৪, ২০১৬ ইং

এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয়

গমের মধ্যে সংগঠিত সালোকসংশ্লেষণ এর আবিষ্কার দ্রুত বৃদ্ধিশীল ফসল ফলনে সহায়ক

এগ্রিকালচার এন্ড ফুড ইনোভেশন রিসারসার এর কুইন্সল্যান্ড জোটের গবেষক প্রফেসর রবার্ট হেনরি এর নেতৃত্বে একটি গবেষক দল আবিষ্কার করেছেন যে, সালোকসংশ্লেষণ গমের বীজ এবং পাতায় সংগঠিত হয়।

গবেষণা থেকে গমের বীজে পূর্বে অসনাক্তকৃত ফটোসিনথেটিক C4 পাথওয়েটি সনাক্ত করা হয়। প্রফেসর হেনরি বলেন যে, দলটি এমন গমের আবিষ্কার করেছেন যার বিভিন্ন ক্রোমোসোমের উপর C4জিন বিদ্যমান।

তিনি বলেন, “ গমের ফটোসিনথেটিক পাথওয়ে ১০০ বছর পূর্বে শুরু হয় যখন বায়ুমন্ডলস্থ কার্বনের ডিঅক্সাইডের মাত্রা বর্তমানের তুলনায় ১০ গুন বেশী ছিল। একটি খিওরী হলো কার্বন ডিঅক্সাইড যখন থেকে কমতে শুরু করে, উদ্ভিদ বীজ একটি C4পাথওয়ে সৃষ্টি করে বেশী আলো শোষণ কণ্ডে অধিক শক্তিতে রূপান্তরিত করে।”

অধিক জানার জন্য The University of Queensland ওয়েবসাইটে প্রকাশিত খবর পড়ুন।

ভিজিট করুন <http://www.isaaa.org/kc/cropbiotechupdate/article/default.asp?ID=14689>

বায়োটেক তুলার মাঠ প্রদর্শনের জন্য অস্ট্রেলিয়ার OGTR আবেদন গ্রহন করেছে

অস্ট্রেলিয়ার জিন প্রযুক্তি নিয়ন্ত্রক (OGTR) এর কার্যালয় ঘোষণা করেছে যে, তারা মোনাসাতু থেকে একটি লাইসেন্স সমৃদ্ধ আবেদন গ্রহন করেছে যাতে পোকামাকড় প্রতিরোধী এবং উদ্ভিদনাশক সহনশীলতা সম্পন্ন বায়োটেক তুলা (DIR 147) এর মাঠ প্রদর্শনের চাহিদার কথা বলা হয়েছে। আবেদন অনুযায়ী, প্রতি বছর ৫০টি মাঠ প্রদর্শন আগামী মার্চ ২০১৭ থেকে জুলাই ২০২১ পর্যন্ত সংগঠিত করতে হবে। আবেদনের সাড়া হিসেবে, OGTR আবেদনের জন্য একটি ঝুঁকি পরিমাপ ও ঝুঁকি ব্যবস্থাপনা পরিকল্পনা গ্রহন করেছে, যাহা আগামী নভেম্বর ২০১৬ তে পাবলিক মতামতের জন্য উন্মুক্ত করা হবে।

অধিক তথ্যের জন্য [OGTR](#) এর ওয়েবসাইড ভিজিট করুন।

ভিজিট করুন <http://www.isaaa.org/kc/cropbiotechupdate/article/default.asp?ID=14703>

আগস্ট ৩১, ২০১৬ ইং

এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয়

FSANZ জিএম আলু জমা দেওয়ার জন্য আহ্বান করেছে

ফুড স্ট্যান্ডার্ডস অস্ট্রেলিয়া নিউজিল্যান্ড (FSANZ) ঘোষণা করেছে বায়োটেক পটেটো লাইন E12 জমা দেওয়ার জন্য যাহার মধ্যে এক্রাইলেমাইড শক্তি এবং ব্রাউনিং বৈশিষ্ট্য কম আছে। সিম্পলট এটি আবিষ্কার করেন এবং যুক্তরাষ্ট্র ও কানাডাতে বাণিজ্যিকভাবে ব্যবহারের অনুমোদন করা হয়।

FSANZ CEO স্টিভ ম্যাকক্যাটচিয়ন এর মতে, আলু রুপান্তরিত করা হয়েছে আলুর জেনেটিক সিকুয়েন্স এবং এর বন্য জাতের সন্নিবেশ ঘটিয়ে। FSANZ এর এসেসম্যান্ট অনুযায়ী বায়োটেক পটেটোতে পাবলিক স্বাস্থ্য এবং সেপটি সম্পর্কীয় কোন ক্ষতিকর দিক পাওয়া যায় নাই। এই আবেদন গ্রহন, পরিমার্জন, অথবা পরিহারের ব্যাপারে একটি সিদ্ধান্ত নেওয়ার জন্য আগামী সেপ্টেম্বর ৩০, ২০১৬ সাল নাগাদ পাবলিক মতামত আহ্বান করা হচ্ছে।

[FSANZ](#), [Food Works](#) এবং [Food Navigator](#) থেকে অধিক পড়ুন

ভিজিট করুন <http://www.isaaa.org/kc/cropbiotechupdate/article/default.asp?ID=14702>

সোন লা, ভিয়েতনাম এ জিএম ছত্রী MIR 162এর ব্যাপক আকারের মাঠ ত্রায়েল

প্ল্যান্ট প্রটেকশন রিসার্চ ইনস্টিটিউট, ভিয়েতনামের সিনজেনটা ভিয়েতনাম কম্পানি লি. এর কোলাবোরেশনে জুন ২, ২০১৬ তারিখে লেপিডোপটেরা ইনসেক্ট সহনশীলতার জন্য GM maize MIR 162এর ব্যাপক আকারে মাঠ ত্রায়েলের আয়োজন করা হয়েছে। এই মাঠ প্রদর্শনের এরিয়া প্রায় ৭,০০০ স্কয়ার মিটারস্ হলো সাব-রিজিয়ন ১৯, যা সোন লা প্রদেশের মাই সোন জেলার হাট লট শহরে অবস্থিত। এই পরীক্ষনের সময় জিএম ছত্রী ইভেন্ট MIR162 ছাড়াও ভিয়েতনামের সিনজেনটা ভিয়েতনাম কম্পানি এবং প্ল্যান্ট প্রটেকশন রিসার্চ ইনস্টিটিউট স্ট্যাকট জিএম ছত্রী Bt11 x MIR162 x GA21এর ত্রায়েল করা হয়।

এই ব্যাপক আকারের ত্রায়েল Decree No. 69/2010/ND-CP and Circular No. 69/2009/TT-BNNPTNT. আইনের আওতায় করা হয়েছে।

অধিক তথ্যের জন্য ভিজিট করুন [Vietnam BCH Portal](http://www.vietnam-bch.org)

ভিজিট করুন <http://www.isaaa.org/kc/cropbiotechupdate/article/default.asp?ID=14714>